চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করার অনলাইনে আবেদন প্রক্রিয়াঃ

১.	আবেদনকারীকে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল কার্যাবলী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট http://admission.cu.ac.bd এর মাধ্যমে করতে হবে। এ ওয়েবসাইটে আবেদনকারী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল ইউনিট/উপ-ইউনিট এর ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, নোটিশ এবং লিঙ্কসমূহ দেখতে পাবেন। যে কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করার পূর্বে ভর্তি সংক্রান্ত নির্দেশিকা ভালো করে পড়ে নিন। এছাড়াও অনলাইনে প্রতি পেইজের নির্দেশাবলি পড়ে নিন।
২.	০৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখ সকাল ১১:০০টা থেকে ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। আবেদন ফি ০১ অক্টোবর ২০১৯ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত জমা দেয়া যাবে।
৩.	যে কোন ইউনিট/উপ-ইউনিটে ভর্তির আবেদন করার জন্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটের http://admission.cu.ac.bd লিঙ্কে গিয়ে 'Apply Now' বাটনে ক্লিক করতে হবে।
৪	'Apply Now' বাটনে ক্লিক করার পর আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম প্রদান করার ফর্ম দেখতে পাবেন। তথ্য গুলো সঠিক ভাবে পুরণ করে 'Submit' বাটনে ক্লিক করতে হবে।
৫.	আবেদনকারীর তথ্যসমূহ সঠিক হলে পরবর্তী পেইজে আবেদনকারীর ব্যক্তিগত মোবাইল নম্বর চাওয়া হবে। মোবাইল নম্বর সঠিক ভাবে প্রদান করে 'Submit' করলে আবেদনকারীর মোবাইলে একটি "Confirmation Code" পাঠানো হবে। আবেদনের সময় যেই মোবাইল নম্বর ব্যবহার করা হবে তা অবশ্যই শিক্ষার্থীর মোবাইল নম্বর হতে হবে। উক্ত মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল নোটিফিকেশন বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে।
৬	এই ধাপে Confirmation Code টি চাওয়া হবে এবং সঠিকভাবে তা প্রদান করলেই কেবলমাত্র আবেদনের মূল পেইজে যেতে পারবে।
৭.	Confirmation Code প্রদান করে 'Submit' করার পর Confirmation Code টি সঠিক হলে আবেদনকারীর একটি প্রোফাইল তৈরি হবে এবং সেখানে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি প্রদর্শিত হবে। আবেদনকারীর যদি কোন কোটা থাকে এবং তিনি সেটা আবেদনে যুক্ত করতে চান তাহলে তার প্রোফাইলে কোটা যুক্ত করার অপশন থেকে তার কাঙ্ক্ষিত এক বা একাধিক কোটা যুক্ত করতে পারবেন। ভর্তির ওয়েবসাইটে লগইন করার সময় কোন শিক্ষার্থী যদি Invalid Information সমস্যা সম্মুখীন হয়ে থাকেন, তাহলে উক্ত ওয়েবপেজে থাকা 'Click here if you face Invalid Information' বাটনে ক্লিক করুন। উক্ত বাটনে ক্লিক করার পর নতুন একটি পেজ আসবে। এই পেজে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের তথ্য প্রদান করে 'Claim' বাটনে ক্লিক করে অভিযোগ জমা দিতে হবে। অভিযোগ জমা হওয়ার পর Helpdesk এ প্রদত্ত মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।

৮	আবেদনকারীকে তার প্রোফাইলের নির্দিষ্ট অংশে গিয়ে সঠিক মাপের সদ্য তোলা একটি পরিষ্কার ফরমাল ছবি আপলোড করতে হবে। ছবি অবশ্যই নির্দিষ্ট মাপের হতে হবে এবং আবেদনকারীর চেহারা অনাবৃত থাকতে হবে। ছবি আপলোডের সময় দেখানো নির্দেশিকা ভালো করে পড়ে তা যথাযথ অনুসরণ করতে হবে। ছবি আপলোড ব্যতীত আবেদনের অন্যান্য ধাপ সম্পন্ন করা যাবে না। ছবি এক (১) বারই আপলোড করা যাবে। ছবি আপলোড করার পর তা পরিবর্তনযোগ্য নহে। পরিবর্তনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট কাগজপত্রসহ হেল্প ডেস্কে যোগাযোগ করতে হবে।
৯	আবেদনকারী তার প্রোফাইল এ Units/Sub-Units অপশনে ক্লিক করে তিনি কোন কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদনের যোগ্য তার একটি তালিকা দেখতে পাবেন। উক্ত তালিকায় স্ব স্ব ইউনিট/উপ-ইউনিটের আবেদনের যোগ্যতা দেখতে পাওয়া যাবে। কিন্তু ছবি আপলোড সম্পন্ন না হলে আবেদনকারী কোন ইউনিট/উপ-ইউনিটে আবেদন করতে পারবে না।
১০	আবেদনকারী যে ইউনিট/উপ-ইউনিটে আবেদন করতে ইচ্ছুক সেই ইউনিট/উপ-ইউনিটের "Apply" বাটনে ক্লিক করলে একটি Private Key পাবেন। উক্ত Private Key টি ব্যবহার করে Mobile Financial Service Operator 'রকেট' অথবা 'শিওর ক্যাশ' অথবা 'বিকাশ' এর মাধ্যমে আবেদনকারীকে ঐ ইউনিট/উপ-ইউনিটের জন্য আবেদন ফি জমা দিতে হবে। 'রকেট', 'শিওর ক্যাশ' এবং 'বিকাশ' এর মাধ্যমে আবেদন ফি পরিশোধ করার নিয়মাবলী নিচে দেয়া হলঃ **'রকেট' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন ফি পরিশোধ করার নিয়মঃ** ১। প্রথমে আপনার মোবাইল হতে *322# ডায়াল করুন ২। Bill Pay নির্বাচন করুন ৩। Self বা Other নির্বাচন করুন [Other এর ক্ষেত্রে যার জন্য পরিশোধ করছেন তার নম্বর দিন] ৪। ভর্তি আবেদন ফী জমা দিতে Other অপশন নির্বাচন করুন ৫। Biller ID তে 2200 দিন ৬। Bill Number হিসেবে আপনার Private Key দিন ৭। Amount এ 550 টাকা দিন ৮। ফি প্রদান সম্পন্ন করতে আপনার পিন নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন। **'শিওর ক্যাশ' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন ফি পরিশোধ করার নিয়মঃ** ১। প্রথমে আপনার মোবাইল হতে *495# ডায়াল করুন ২। Payment অপশন নির্বাচন করুন ৩। Keyword অপশন নির্বাচন করে CUA টাইপ করুন ৪। Bill Number হিসেবে আপনার Private Key দিন ৫। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নাম ও আপনার আবেদন ফী এর পরিমাণ 550 টাকা দেখাবে ৬। ফি প্রদান সম্পন্ন করতে আপনার পিন নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন।

ICT Cell
University of Chittagong
All Rights Reserved

Sadar Uddin/E-Drive All doc. admission

	'বিকাশ' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন ফি পরিশোধ করার নিয়মঃ ১। প্রথমে আপনার মোবাইল হতে *247# ডায়াল করুন ২। Pay Bill অপশন নির্বাচন করুন ৩। Other অপশন নির্বাচন করুন ৪। Make Payment নির্বাচন করুন ৫। Biller ID তে 01751856688 দিন ৬। Input Bill A/C নম্বর নির্বাচন করুন ৭। আপনার Private Key টি দিন ৮। Bill Month হিসেবে 092019 দিন ৯। Amount এ 550 টাকা দিন ১০। ফি প্রদান সম্পন্ন করতে আপনার পিন নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন। নির্দিষ্ট অঙ্কের আবেদন ফি সঠিকভাবে জমা হলে আবেদনকারীর দেয়া মোবাইল নম্বরে তা বিশ্ববিদ্যালয় প্রদত্ত নম্বর হতে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং আবেদনকারীর প্রোফাইলের সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের ঘরে Payment কলামে সবুজ কালিতে Successful লেখা দেখা যাবে এবং সেই ইউনিটের টাকা জমার রসিদ (পেমেন্ট স্লিপ) ডাউনলোডের লিঙ্ক পাওয়া যাবে। এছাড়া পরবর্তীতে এই পেইজ থেকে আবেদনকারী তার আবেদনকৃত সকল ইউনিট/উপ-ইউনিটের ভর্তি পরীক্ষার আসন বিন্যাস জানতে পারবেন। [বিঃ দ্রঃ আবেদন ফি জমাদান শেষে 'রকেট'/'শিওর ক্যাশ'/'বিকাশ' হতে প্রাপ্ত ট্রানজেকশন আইডি (TrxID) টি এবং সিস্টেম হতে প্রাপ্ত Private Key টি সংরক্ষণ করুন।]
১১	আবেদন ফি সঠিকভাবে জমা দেয়া না হলে আবেদনকারী সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। আবেদনকারী পরীক্ষার্থীরা ০৯ অক্টোবর ২০১৯ তারিখ থেকে ভর্তি পরীক্ষা শুরু হবার ১ (এক) ঘন্টা পূর্ব পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড ও সংগ্রহ করতে পারবেন।
১২	প্রবেশপত্রে ভর্তি পরীক্ষার Roll No. ও Applicant No. থাকবে। প্রবেশপত্রের নির্দেশাবলীতে উল্লিখিত কাগজপত্র নিয়ে আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
১৩	GCE (O Level & A Level) অথবা সমমানের বিদেশী সার্টিফিকেটধারী আবেদনকারীকে Equivalence করার জন্য জীববিজ্ঞান অনুষদ অফিসে তার গ্রেডশীট/মার্কশীটসমূহের ফটোকপিসহ আবেদন করতে হবে এবং রেজিস্ট্রার, চ.বি. এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে সংগৃহীত ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার সমতা নিরূপন ফি হিসেবে প্রদান করতে হবে। সমতা নিরূপনের পর আবেদনকারীকে একটি সমতা নিরূপন সনদপত্র প্রদান করা হবে এবং উক্ত সনদপত্রে Equivalent ID উল্লেখ থাকবে।

ICT Cell
University of Chittagong
All Rights Reserved

১৪	GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদেশী সার্টিফিকেটধারীদের সমতা নির্ধারণ কমিটি কর্তৃক প্রদত্ত Equivalent ID ভর্তির ওয়েবসাইটে প্রবেশের সময় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড এর স্থলে Equivalent Board নির্বাচন করে যথাযথ নিয়মে নির্দিষ্ট সময়ে আবেদন ফি জমা দিয়ে আবেদন ফি জমা দেয়ার রশিদ সংগ্রহ করতে হবে।
১৫	আবেদনপত্র সংশোধনের (প্রযোজ্য ক্ষেত্রে) সময়সীমা ০৮ সেপ্টেম্বর ২০১৯ তারিখ থেকে ০৭ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত। আবেদনপত্রে যে কোন প্রকার সংশোধনী এবং ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন ডকুমেন্টের ডুপ্লিকেট কপি নেয়ার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) প্রতিটি সার্ভিস এর জন্য রেজিস্ট্রার, চ.বি. এর অনুকূলে অগ্রণী ব্যাংক এর যে কোন শাখা থেকে ইস্যুকৃত ৩০০ (তিনশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট জমা দিতে হবে অথবা Mobile Financial Service Operator ('রকেট' বা 'শিওর ক্যাশ') এর মাধ্যমে পরিশোধ করা যাবে। **ভর্তি পরীক্ষার আবেদন সংশোধনের ফি পরিশোধের নিয়মঃ** **'রকেট' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন সংশোধন ফি পরিশোধ করার নিয়মঃ** ১। প্রথমে আপনার মোবাইল হতে *322# ডায়াল করুন ২। Bill Pay নির্বাচন করুন ৩। Self বা Other নির্বাচন করুন [Other এর ক্ষেত্রে যার জন্য পরিশোধ করছেন তার নম্বর দিন] ৪। আবেদন সংশোধন ফী জমা দিতে Other অপশন নির্বাচন করুন ৫। Biller ID তে 2080 দিন ৬। Bill Number হিসেবে আপনার Private Key দিন ৭। Amount এ 300 টাকা দিন ৮। আপনার পিন নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন। **'শিওর ক্যাশ' এর মাধ্যমে মোবাইল হতে আবেদন সংশোধন ফি পরিশোধ করার নিয়মঃ** ১। প্রথমে আপনার মোবাইল হতে *495# ডায়াল করুন ২। Payment অপশন নির্বাচন করুন ৩। Keyword অপশন নির্বাচন করে CUOP টাইপ করুন ৪। Bill Number হিসেবে আপনার Private Key দিন ৫। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নাম ও আপনার আবেদন সংশোধন ফী এর পরিমাণ 300 টাকা দেখাবে ৬। ফি প্রদান সম্পন্ন করতে আপনার পিন নম্বর দিয়ে পেমেন্ট সম্পন্ন করুন। [বিঃ দ্রঃ প্রত্যেক ইউনিট/উপ-ইউনিটের জন্য আলাদা আলাদা ভাবে আবেদন সংশোধন ফি প্রদান করার প্রয়োজন নেই। তবে একাধিকবার বা একাধিক বিষয় সংশোধনের ক্ষেত্রে আলাদা আলাদা ভাবে সংশোধন ফি প্রদান করতে হবে।]

ICT Cell
University of Chittagong
All Rights Reserved

Sadar Uddin/F:Drive All doc. admission